

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১০৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَزَالُ قَوْمٌ يَتَأَخَّرُونَ عَنِ الصَّفِّ الْأَوَّلِ حَتَّى يُؤَخِّرَهُمُ اللَّهُ فِي النَّارِ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

১১০৪-[২০] 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ কিছু লোক সব সময়ই সালাতে প্রথম কাতার থেকে পেছনে থাকে, এমনকি আল্লাহ তা'আলা তাদেরকে জাহান্নামের দিকে পিছিয়ে দেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৬৭৯, সহীহ আল জামি ৭৬৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে বুঝা যায়, যারা প্রথম কাতারের শ্রেষ্ঠত্ব অর্জনে গুরুত্ব দেয় না এবং সে ব্যাপারে পরওয়া করে না আল্লাহ তাদের কাজে পিছিয়ে দিবেন অথবা জাহান্নাম থেকে মুক্তি পাওয়া প্রথম দলের আওতাভুক্ত করবেন না। অথবা প্রথম ধাপে জান্নাতের প্রবেশকারীদের থেকে আল্লাহ তাদেরকে পিছিয়ে রাখবেন এবং জাহান্নামে তাদেরকে আবদ্ধ রাখবেন। আল্লাহ তাদেরকে জাহান্নামের নিমন্তরের মাঝে পতিত করবেন- এ অর্থ নেয়াও সম্ভব। ত্বীবী বলেন, আল্লাহ তাদেরকে কল্যাণ থেকে পিছিয়ে রাখবেন এবং তাদেরকে জাহান্নামে প্রবেশ করাবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন